

সিলেটে ছাত্রলীগের ঘরোয়া কৌন্দলের বলি এক ছাত্র



উদয়েশু সিংহ পলাশের মরণে - ছাত্রলীগ

সিলেট অফিস

সিলেটে ছাত্রলীগের অভ্যন্তরীণ কৌন্দলের বলি হলো এমসি কলেজের গণিত তৃতীয় বর্ষের মেধাবী ছাত্র উদয়েশু সিংহ পলাশ (২২)। নগরীর টিলাগড় কল্যাণপুর এলাকায় সোমবার দুপুর ১টায় নিজ সংগঠনের কর্মীরা তাকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে হত্যা করে। তার গ্রামের বাড়ি মৌলভীবাজারের কামলগঞ্জ উপ-জেবায় ওলের হাওর প্রকাশিত ওয়ারীগাঁও গ্রামে। পিতা ধীরেশ সিংহ সেনাবাহিনীর সুবসরপ্রাপ্ত ক্যাপ্টেন ও মুক্তিযোদ্ধা। এ ঘটনায় সিলেট ছাত্রলীগের পৃষ্ঠা ২ কলাম ৪

ছাত্রলীগের : সিলেটে

(প্রথম পৃষ্ঠার পর)

ইয়াকুব আলী নামে এমসি কলেজের এক ছাত্রলীগকর্মীকে শ্রেণীর করেছে পুলিশ। এমসি কলেজ ও টিলাগড়সহ নগরীর গুরুত্বপূর্ণ পয়েন্টে অতিরিক্ত পুলিশ ও রায় মোতায়েন করা হয়েছে। এদিকে সরকারি কলেজ ছাত্রলীগ সভাপতি দেবাং দাস মিঠু ও এমসি কলেজ ছাত্রলীগ সেক্রেটারি পঙ্কজ দেবনাথ সমন্বিত গ্রুপের আধিপত্য বিস্তার ও সিনিয়র-জুনিয়র স্বৈশ্বর জেরে এ খুনের ঘটনা ঘটেছে বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে। নিহত পলাশ মিঠু গ্রুপের কর্মী ছিল। প্রত্যাশিতমতী ও পুলিশ জানায়, গতকাল দুপুর সাড়ে ১২টায় এমসি কলেজ ক্যাম্পাসে দেলোয়ার নামে এক ছাত্রকে মারধর করে দেবাং দাস মিঠু সমন্বিত ছাত্রলীগকর্মী জায়মত, ইসা আলম, মল্লুর আলম ও বেলাল। এর জেরে পঙ্কজ দেবনাথ সমন্বিত ছাত্রলীগকর্মী সল্লয়, শিপন, জসিম, দেলওয়ার ও টিপু দুপুর ১টায় কল্যাণপুর এলাকায় পলাশকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে জখম করে। পরে কলেজ ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক আক্তির উদ্দিন তাকে উদ্ধার করে ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যান। বেলা দেড়টার দিকে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। পলাশের বোন ও সিলেট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির বিবিএর ছাত্রী অনামিকা সিনহা একমাত্র জইয়ের নৃত্যর ববরে

হাসপাতালে এসে কান্নায় ডেঙে পড়ে। এ সময় সেখানে এক হৃদয় বিদায়ক দৃশ্যের অবতারণা হয়। ববর পেয়ে সিলেট সিটি কর্পোরেশনের মেয়র বদরউদ্দিন আহমেদ কামরান ও আওয়ামী লীগের কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক অ্যাডভোকেট মিসবাহ উদ্দিন সিরাজসহ দলীয় নেতাকর্মীরা হাসপাতালে ছুটে যান। ময়নাতত্ত্ব শেষে গতকাল বিকাল ৫টায় লাশ গ্রামের বাড়িতে নিয়ে যাওয়া হয়। এমসি কলেজ ছাত্রলীগ সাধারণ সম্পাদক পঙ্কজ পুরকায়শ জানান, পলাশ কলেজ ছাত্রলীগের একজন একনিষ্ঠ কর্মী ছিল। হত্যায় দলীয় কৌন্দলের কারণে তাকে হত্যা করা হতে পারে। সরকারি কলেজ ছাত্রলীগ সভাপতি দেবাং দাস মিঠু জানান, সিনিয়র-জুনিয়র স্বৈশ্বর জেরে পলাশ খুন হয়েছে। তিনি আরো জানান, এমসি কলেজ ও সরকারি কলেজ ছাত্রলীগে কোনো ডপিং নেই। তারা সবাই মহানগর ছাত্রলীগের যুগ্ম সম্পাদক রনজিত দাসের নেতৃত্বে একাবদ্ধ। এমসি কলেজ ছাত্রলীগ সেক্রেটারি পঙ্কজ দেবনাথের সঙ্গে তার কোনো বিরোধ নেই। কোতোয়ালি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্বে থাকা উপ-পরিদর্শক নায়াফ দত্ত, জালাল, বুনিনের শ্রেণীরে অভিযান শুরু হয়েছে। পুলিশের পক্ষ থেকে থানায় একটি জিডি হয়েছে।